গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭৮.২২. ৩৪৮ তারিখঃ২৮/০৯/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, রেবা বৈরাগী, পিতা- বিমল চন্দ্র বৈরাগী, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়াতে কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ১৯/০৭/২০২২ খ্রিঃ ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭৮.২২.২৫১ নং স্মারকে তার বিরুদ্ধে ০৬৭/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, তিনি শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া এর করোনা ইউনিটের ওয়ার্ড ইনচার্জের দায়িত্বকালীন তার ভাগিনা এডিসন বাড়ৈ এবং কন্যার সহযোগিতায় গত ২৯/০৫/২০২১ খ্রিঃ তারিখ উক্ত হাসপাতালের চিকিৎসা পণ্যাদি (যথা- ১৪ বক্স প্রো-গ্লোভস, হেক্সিসল ০১ বোতল, টয়লেট টিস্যু ০১ রোল, টিস্যু বক্স ০১ টি, হ্যান্ড স্যানিটাইজার ০১ টি, রোল টিস্যু ০১ টি এবং ০৮/ ১০ টি ওয়ান টাইম মাস্ক) চুরি ও পাচার করেন। পরবর্তীতে তিনি দোষ স্বীকার করেন।

৪। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখা দন্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতনের বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবেনা।

স্বাঃ-
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭৮.২২. ৩৪৮/১ (৭) তারিখঃ২৮/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে
১। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।
৪। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদ এর জন্য)
৫। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।
৬। রেবা বৈরাগী, পিতা- বিমল চন্দ্র বৈরাগী, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৭/৯/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)